দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1993 পৃষ্ঠা ... কলাম ...

168

## জা'নগর ভার্সিটি শিক্ষক সমিতির দাবী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ২৭ সেপ্টেম্বর।–বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষকের বিরুদ্ধে মামলাটি নিঃশর্তভাবে বাতিলের দাবীতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাহী পরিষদের এক জরুরী সভা আজ সকাল সাড়ে এগারটায় অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর খোন্দকার মুস্তাহিদুর রহমান। সভায় বলা হয়, সাভার থানা পুলিশ শিক্ষকদের বিরুদ্ধে মামলার ব্যাপারে যে চূড়ান্ত রিপোর্ট দিয়েছে তা স্পষ্টতই শিক্ষকদের জন্য উদ্দেশ্যমূলক ও অবমাননাকর।

এই ব্যবস্থায় সরকার ভবিষ্যতে সুবিধাজনকভাবে এই ইস্যু ব্যবহার করার জন্য মামলায় সূত্র জিইয়ে রেখেছে।

সভায় তারা গত ২২ সেপ্টেম্বর স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে শিক্ষক সমিতির সদস্যদের মামলা বাতিল ও ২১ জন সন্ত্রাসীদের গ্রেফতার করার ব্যাপারে যে আলোচনা হয়েছিল তা পুনঃব্যক্ত করা হয়।

তারা অবিলম্বে অভিযুক্ত সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার প্রক্রিয়া শুরু করায় জোর দাবী জানায়।